

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

সার্কুলার পত্র নং- এফইপিডি(রপ্তানি)২২০/২০১৯-০১

০৩ মাঘ, ১৪২৫

তারিখ : -----

১৬ জানুয়ারী, ২০১৯

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের

প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্র সংশ্লিষ্ট তথ্য অন-লাইন ব্যবস্থায় রিপোর্টিং প্রসঙ্গে।

সার্কুলার পত্র নং- এফইপিডি(রপ্তানি)২২০/২০১২-২৬, তারিখ ০৯/১২/২০১২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। আলোচ্য সার্কুলার পত্রের মাধ্যমে অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রসহ সকল প্রকার বৈদেশিক মুদ্রা লেনদেন বিষয়ে অন-লাইন রিপোর্টিং ব্যবস্থা প্রবর্তন করা হয়।

দেশের রপ্তানি বাণিজ্য প্রসারের সাথে সাথে পশ্চাত্পদসংযোগ শিল্প প্রতিষ্ঠানের কার্যক্রম বৃদ্ধির প্রেক্ষিতে অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের মাধ্যমে বৈদেশিক মুদ্রায় লেনদেন উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের মাধ্যমে লেনদেনের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রা লেনদেন সংক্রান্ত নির্দেশনাসহ শুল্ক/বন্ড সংক্রান্ত বিধিবিধান পরিপালনীয় হয়ে থাকে। এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের অন-লাইন রিপোর্টিং ব্যবস্থায় সংরক্ষিত তথ্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বিবেচনা করা হয়। কিন্তু অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্র স্থাপনকারী ব্যাংক কর্তৃক পূর্ণাঙ্গ তথ্য অন-লাইন ব্যবস্থায় রিপোর্ট করা হয় না মর্মে বাংলাদেশ ব্যাংকের গোচরীভূত হয়েছে। পাশাপাশি ঋণপত্র সংশোধন করা হলে সে মোতাবেক পূর্বে রিপোর্টকৃত অন-লাইন ব্যবস্থার তথ্য সংশোধনের ব্যবস্থা নেয়া হয় না বলেও অভিযোগ রয়েছে। অন-লাইন ব্যবস্থায় অপূর্ণাঙ্গ তথ্যের কারণে ঋণপত্রের বেনিফিশিয়ারী নানাবিধ সমস্যার সম্মুখীন হচ্ছে, যা দেশের সার্বিক রপ্তানি বাণিজ্য উন্নয়নের স্বার্থে কাম্য নয়।

বর্ণিত প্রেক্ষাপটে আপনাদের সকল অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের সার্বিক তথ্য যথাযথভাবে যথাসময়ে বাংলাদেশ ব্যাংকের অন-লাইন ব্যবস্থায় রিপোর্ট করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১২৩